দরপত্রের শিডিউল নং ০১/২০২৫ ইং

তারিখ ঃ সেপ্টেম্বর ০১ ,২০২৫ ইং

**বিষয় ঃ ২০২৬ ইং সালের দেয়াল ক্যালেন্ডার ও ডেস্ক ক্যালেন্ডার মুদ্রণ ও সরবরাহের জন্য দরপত্র আহবান।**

বিষয়ে বর্ণিত মুদ্রণ কাজের জন্য সংশ্লিষ্ট মুদ্রণকারী / সরবরাহকারী প্রতিষ্ঠান থেকে নিম্নলিখিত বিবরণ অনুযায়ী দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র জমা দেয়ার শেষ তারিখ ও সময় : ১৮/০৯/২০২৫ ইং বৃহস্পতিবার বিকাল ৩ টা। একই দিন অর্থাৎ আগামী ১৮/০৯/২০২৫ ইং তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় (অফিস চলাকালীন) দরদাতার উপস্থিতিতে (যদি কোন দরদাতা উপস্থিত থাকে) টেন্ডার বক্স খোলা হবে।

| ক্র/নং | কাজের বিবরণ | পরিমান/সংখ্যা |
|---|---|---|
| ০১ | **ছয় পাতার দেয়াল ক্যালেন্ডার**<br>সাইজ ঃ ২২.৫" (উচ্চতা) x ১৭" (প্রস্থ)।<br>পাতা ঃ সাত পাতা বিশিষ্ট, যার প্রথম পাতা টপ শীট হিসাবে ব্যবহার হবে।<br>প্রিন্ট ঃ ইনার চার কালার, একপাশ প্রিন্ট হবে (ডিটিপি প্রসেস)।<br>বাইন্ডিং ঃ স্পাইরাল বাইন্ডিং (বিদেশী, অনুমোদিত নমুনা অনুযায়ী), পিছনে ৬০০ গ্রাম বোর্ড।<br>ভাষা ঃ বাংলা, ইংরেজী এবং আরবী ব্যবহার হবে।<br>পেপার ঃ ইনার ১৭০ গ্রাম আর্ট পেপার এবং টপ শীট ৬১ গ্রাম অফসেট পেপার।<br>প্যাকেট ঃ ৫০ পিস ক্যালেন্ডার দিয়ে প্রতিটি প্যাকেট তৈরী হবে।<br>ছুটি ঃ সকল প্রকার সাপ্তাহিক ও সরকারী ছুটির তারিখ থাকবে (যার বিবরণ ফুট নোটে উল্লেখ থাকবে)। | ৩০,০০০<br>(ত্রিশ হাজার) কপি |
| ০২ | **দেয়াল ক্যালেন্ডার এনভেলপ** ঃ ১২০ গ্রাম অফসেট, সাইজ: ২৪"x ১৮" | ১,০০০ পিস |
| ০৩ | **১৩ পাতার ডেস্ক ক্যালেন্ডার**<br>**সাইজ** ঃ ৫ ইঞ্চি (উচ্চতা) ৮ ইঞ্চি (প্রস্থ)<br>**পাতা** ঃ তের পাতা বিশিষ্ট, যার প্রথম পাতা টপ শীট হিসাবে ব্যবহার হবে এবং অবশিষ্ট ১২ পাতার ১২ পৃষ্ঠায় ১২ মাসের ক্যালেন্ডার ও অপর ১২ পৃষ্ঠায় সংক্ষিপ্তাকারে কোম্পানির পরিকল্পসমুহের পরিচিতি থাকবে।<br>**প্রিন্ট** ঃ কভার ও ইনার মাল্টি কালার, দুইপাশ প্রিন্ট হবে (ডিটিপি প্রসেস)।<br>**বাইন্ডিং** ঃ **wire o** বাইন্ডিং (বিদেশী / নমুনা অনুযায়ী)।<br>**স্ট্যান্ড** ঃ ২৮ আউন্স বোর্ড, ম্যাট লেমিনেশনসহ ১৫০ গ্রাম আর্ট কার্ড দিয়ে বোর্ড পেস্টিং (নমুনা অনুযায়ী)<br>**ভাষা** ঃ ইংরেজী ব্যবহার হবে।<br>**পেপার** ঃ ৩০০ গ্রাম আর্ট কার্ড ( ম্যাট ও আল্ট্রা ভায়োলেট স্পট কালার টেক্সট)।<br>প্যাকেজিং ঃ ৫০ পিস ক্যালেন্ডার দিয়ে প্রতিটি কার্টন। | ৩,০০০<br>(তিন হাজার) কপি |
| ০৪ | **ডেস্ক ক্যালেন্ডার এনভেলপ** ঃ ৭.৮ ইঞ্চি (উচ্চতা), ৯ ইঞ্চি (প্রস্থ)<br>**পেপার** ঃ ১২০ গ্রাম অফসেট পেপার এবং এনভেলপের এক পাশে কোম্পানির লোগোসহ নাম ও ঠিকানা থাকবে । | ৩,০০০<br>(তিন হাজার) পিস |



ট্রাস্ট ইসলামী লাইফ ইনসিওরেন্স লিঃ
تراست إسلامي لائف إنشيورنس لميتيد
স্বাচ্ছন্দ্য হোক জীবনের পথচলা

Head Office : Paltan China Town, (17th floor,West Tower) 67/1 Naya Paltan (VIP Road), Dhaka-1000. Bangladesh.
Tel : +88 024-8313370, 9349639
Head Office (Extn.) : Kashfia Plaza (6th floor) 35/C, Naya Paltan (VIP Road), Dhaka-1000.Tel : +88 024-8313229, 9349507
E-mail : info@trustislamilife.com
www.trustislamilife.com

তারিখ ঃ সেপ্টেম্বর ০১,২০২৫ ইং

**চিত্র/থিম:**

দরপত্রের সাথে কমপক্ষে **বাংলাদেশের ১২ টি ঐতিহাসিক/প্রাচিন ও গুরুত্বপুর্ন মসজিদের ছবি** দিতে হবে। উল্লেখিত বিষয়ের ফটোসহ এক সেট ডামি জমা দিতে হবে। অন্য ব্যাংক অথবা বীমা কোম্পানীতে ২০২৫ ইং সালের ক্যালেন্ডারে ব্যবহৃত এবং ২০২৬ ইং সালের ক্যালেন্ডারের জন্য নির্বাচিত কোন ছবি (যদি থাকে) গ্রহণ যোগ্য নয়, এক্ষেত্রে কপি রাইট সংক্রান্ত বিষয়ে সরবরাহকারী দায়িত্ব গ্রহণ করবেন।

**শর্ত সমুহ:**

১) দরদাতা প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে দরপত্র দাখিল করতে হবে। হাতে লেখা ও কোনরূপ কাটা-ছেঁড়া গ্রহণযোগ্য নয়।
২) অবশ্যই কাগজের নমুনা প্রতিষ্ঠানের সিল ও স্বাক্ষরসহ ডামি, দরপত্রের সাথে জমা দিতে হবে।
৩) দরপত্র অত্র কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা বরাবর দাখিল করতে হবে।
৪) প্রতিটি ক্যালেন্ডারের দরের সাথে সরবরাহকৃত ফটো সংযুক্ত করে দর উল্লেখ করতে হবে (ইন্টারনেট থেকে সংগৃহীত কম রেজুলেশনের কোন ছবি গ্রহণযোগ্য নয়)।
৫) কার্যাদেশ প্রদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রুফ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করিয়ে (প্রয়োজন সাপেক্ষে) কাজ সম্পন্ন করে সম্পুর্ন নিজ খরচে কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অফিসে / স্থানে অফিস চলাকালীন সময়ে চালানের মাধ্যমে ক্যালেন্ডার সরবরাহ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ সম্পাদন করতে কিংবা সরবরাহ করতে ব্যর্থ হলে কিংবা পণ্যের বিবরণ অনুযায়ী সরবরাহ না করলে কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।
৬) সরবরাহকৃত ক্যালেন্ডার চাহিদা মোতাবেক ও মান-সম্মত না হলে তা গ্রহণযোগ্য হবে না।
৭) কার্যাদেশ প্রদানের পর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সমূদয় ক্যালেন্ডার সরবরাহ করতে হবে। উল্লেখ্য, যৌক্তিক কারণ যথাঃ সরকারী গেজেটেড ছুটির তালিকা পেতে দেরী হলে, আলোচনা সাপেক্ষে সময় বাড়ানো যেতে পারে, অন্যথায় কার্যাদেশ বাতিলসহ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
৮) প্রচলিত নিয়ম অনুসারে ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।
৯) প্রয়োজনীয় দলিলাদি যেমন: হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন সনদ ও TIN এর কপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
১০) যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করে।
১১) ২০২৬ ইং সালের ক্যালেন্ডার সংক্রান্ত কোন তথ্য জানার / বোঝার প্রয়োজন হলে নিম্ন স্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করতে হবে। এছাড়া অন্য কোন সুবিধার জন্য ব্যক্তিগত/ প্রতিষ্ঠানের অন্য কারও সাথে যোগাযোগ অযোগ্যতা হিসাবে বিবেচনা করা হবে অথবা দরপত্র বাতিল করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে ঃ

০১/০৯/২৫

মোঃ এনাম উদ্দৌলা চৌধুরী
এক্সিকিউটিভ অফিসার, সংস্থাপন বিভাগ
মোবাইল: 01847129341